

এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম  
প্রবিধান-১৯৯৭ ও সাধারণ বিষয়ের পাঠ্যসূচি  
একাদশ ও দ্বাদশ শ্রেণি  
২০১৩-১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর

সাধারণ শিক্ষা ও ভোকেশনাল শিক্ষার সমন্বয়ে শিক্ষিত দক্ষ জনসম্পদ  
সৃষ্টির লক্ষ্যে ১৯৯৭ সন হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক  
প্রবর্তিত

(বোর্ডের ১০০তম সভায় অনুমোদিত এবং পরবর্তী বোর্ড সভায় অনুমোদন সাপেক্ষে প্রকাশ করা হল)



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
এইচ এস সি (ভোকেশনাল) শিক্ষাক্রম  
বাস্তবায়ন প্রবিধান

১. নাম ও কাঠামো:

- ১.১ উচ্চ মাধ্যমিক পর্যায়ে সাধারণ শিক্ষা ও ভোকেশনাল শিক্ষা সমন্বিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীনে পরিচালিত এই শিক্ষাক্রমের নাম হইবে এইচ এস সি (ভোকেশনাল) শিক্ষাক্রম।
- ১.২ এই শিক্ষাক্রমের মেয়াদ হইবে দুই বৎসর এবং ইহা দুই ভাগে বিভক্ত হইয়া একাদশ ও দ্বাদশ শ্রেণিতে বাস্তবায়ন করা হইবে।
- ১.৩ এই শিক্ষাক্রমে প্রতি বর্ষের প্রাতিষ্ঠানিক শিক্ষার সময়কাল হইবে বর্ষমধ্য পরীক্ষাসহ ৩৬ কার্য সপ্তাহ এবং প্রতি সপ্তাহ হইবে ৬ কার্যদিবসের। প্রতি সপ্তাহের ৪৬ পিরিয়ড ক্লাশ অন্তর্ভুক্ত হইবে এবং প্রতি পিরিয়ডের মেয়াদকাল হইবে ৪৫ মিনিট। তদুপরি দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষার পর ৬ সপ্তাহ মেয়াদি ট্রেড সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ (ইন্ডাস্ট্রিয়াল এ্যাট্যাচমেন্ট)-এ নিয়োজিত রাখিতে হইবে।
- ১.৪ শিক্ষাক্রমের বিষয়সমূহ এবং উহার সাপ্তাহিক পিরিয়ড ও নম্বর বিন্যাস:

১.৪.১ একাদশ শ্রেণির বিষয় সমূহ এবং উহার সাপ্তাহিক পিরিয়ড ও মানবন্টন:

বিষয় ও কোড	মান ও পিরিয়ড	মান				সাপ্তাহিক পিরিয়ড			
		তাত্ত্বিক		ব্যবহারিক		মান	তাত্ত্বিক	ব্যবহারিক	মোট
		ধঃ মঃ	চঃ মঃ	ধঃ মঃ	চঃ মঃ				
বাংলা-১	১১১১	১০০	১০০	-	-	২০০	৪	-	৪
ইংরেজি-১	১১১২	১০০	১০০	-	-	২০০	৪	-	৪
উচ্চতর গণিত-১	১৪১১	১০০	১০০	-	-	২০০	৪	-	৪
পদার্থ বিজ্ঞান-১	১৪১২	৭৫	৭৫	২৫	২৫	২০০	৩	২	৫
রসায়ন বিজ্ঞান-১	১৪১৩	৭৫	৭৫	২৫	২৫	২০০	৩	২	৫
কম্পিউটার এ্যাপ্লিকেশন	১৪১৪	-	-	২৫	২৫	৫০	-	২	২
ট্রেড-১	**১১	৫০	৫০	১২৫	১২৫	৩৫০	৩	১৫	১৮
মোট		৫০০	৫০০	২০০	২০০	১৪০০	২১	২১	৪২
ঐচ্ছিক বিষয়-১টি									
কৃষিশিক্ষা-১	১৩১৪	৩৭	৩৮	১২	১৩	১০০	২	২	৪
পরিসংখ্যান-১	১৩১৫	৩৭	৩৮	১২	১৩	১০০	৩	১	৪
উচ্চতর প্রকৌশল অংকন ও জরিপ বিজ্ঞান-১	১৩১৬	৩৭	৩৮	১২	১৩	১০০	১	৩	৪
সর্বমোট (ঐচ্ছিক বিষয়সহ)		৫৩৭	৫৩৮	২১২	২১৩	১৫০০	২৩/২৪/২২	২৩/২২/২৪	৪৬

১.৪.২ দ্বাদশ শ্রেণির বিষয় সমূহ এবং উহার সাপ্তাহিক পিরিয়ড ও মানবন্টন:

বিষয় ও কোড	মান ও পিরিয়ড	মান				সাপ্তাহিক পিরিয়ড			
		তাত্ত্বিক		ব্যবহারিক		মান	তাত্ত্বিক	ব্যবহারিক	মোট
		ধঃ মঃ	চঃ মঃ	ধঃ মঃ	চঃ মঃ				
বাংলা-২	১১২১	১০০	১০০	-	-	২০০	৪	-	৪
ইংরেজি-২	১১২২	১০০	১০০	-	-	২০০	৪	-	৪
উচ্চতর গণিত-২	১৪২১	১০০	১০০	-	-	২০০	৪	-	৪
পদার্থ বিজ্ঞান-২	১৪২২	৭৫	৭৫	২৫	২৫	২০০	৩	২	৫
রসায়ন বিজ্ঞান-২	১৪২৩	৭৫	৭৫	২৫	২৫	২০০	৩	২	৫
আত্মকর্ম সংস্থান ও ব্যবসায় উদ্যোগ	১৫২১	২৫	২৫	-	-	৫০	২	-	২
ট্রেড-২	**২১	৫০	৫০	১২৫	১২৫	৩৫০	৩	১৫	১৮
ট্রেড সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ	**৯২	০	০	০	১০০	১০০	০	০	০
মোট		৫২৫	৫২৫	১৭৫	২৭৫	১৫০০	২৩	১৯	৪২
ঐচ্ছিক বিষয়-১টি মান ও পিরিয়ড বিষয়									
কৃষিশিক্ষা-২	১৩২৪	৩৭	৩৮	১২	১৩	১০০	২	২	৪
পরিসংখ্যান-২	১৩২৫	৩৭	৩৮	১২	১৩	১০০	৩	১	৪
উচ্চতর প্রকৌশল অংকন ও জরিপ বিজ্ঞান-২	১৩২৬	৩৭	৩৮	১২	১৩	১০০	১	৩	৪
সর্বমোট (ঐচ্ছিক বিষয়সহ)		৫৬২	৫৬৩	১৮৭	২৮৮	১৬০০	২৫/২৬/২৪	২১/২০/২২	৪৬

ধঃ মঃ = ধারাবাহিক মূল্যায়ন, চঃ মঃ = চূড়ান্ত মূল্যায়ন

\*\* ট্রেড কোড নম্বর।

- ১.৪.৩ শিক্ষাক্রম কাঠামোতে বিষয়/বিষয়সমূহের পরিবর্তন, নবায়ন ও সংযোজন এবং নতুন পাঠ্যসূচি সংযোজন ও বিদ্যমান পাঠ্যসূচি বিয়োজন করার ক্ষমতা ১৯৬৭ সনের ১নং কারিগরি শিক্ষা আইন অনুযায়ী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকিবে।
- ১.৫ এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে একাদশ শ্রেণি সমাপনান্তে ও দ্বাদশ শ্রেণি সমাপনান্তে বোর্ড সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

## ২. ভর্তির নিয়মানবলী:

- ২.১ এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের একাদশ শ্রেণিতে ভর্তি হওয়ার শিক্ষাগত যোগ্যতা হইবে এসএসসি/দাখিল(ভোকেশনাল) পরীক্ষায় পাশ।
- ২.২ বোর্ডের কেন্দ্রীয় ভর্তি কমিটির সুপারিশকৃত নীতিমালা অনুসারে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হইবে।

## ৩. একাদশ শ্রেণিতে ক্লাস্টার ট্রেডভিত্তিক শিক্ষার্থী ভর্তি করা হইবে।

### নিবন্ধন:

- ৩.১ একাদশ শ্রেণিতে ভর্তির সময় বোর্ডের ফরম পূরণ করিয়া ও নির্ধারিত ফি প্রদানপূর্বক এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের জন্য একবার নিবন্ধনভুক্ত হইতে হইবে।
- ৩.২ এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের জন্য একবার নিবন্ধনভুক্ত হইলে পরবর্তীতে অনুত্তীর্ণ, পুনঃভর্তি বা ধারাবাহিকতা বজায় রাখায় ব্যর্থ সকল ক্ষেত্রেই উহা বহাল থাকিবে।

## ৪. মূল্যায়ন:

### ৪.১ সাধারণ

- ৪.১.১ তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়/বিষয়াংশের মোট নম্বরের ৫০% নম্বর বোর্ড সমাপনী পরীক্ষা এবং ৫০% নম্বর ধারাবাহিক মূল্যায়নের জন্য নির্ধারিত থাকিবে।
- ৪.১.২ বোর্ড সমাপনী পরীক্ষায় এবং ধারাবাহিক মূল্যায়নে সকল তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়/বিষয়াংশে পৃথক পৃথকভাবে পাশ করিতে হইবে।
- ৪.১.৩ বোর্ড সমাপনী পরীক্ষায় এবং ধারাবাহিক মূল্যায়নে তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়/বিষয়াংশের পাশ নম্বর হইবে শতকরা ৩৩
- ৪.১.৪ শিক্ষার্থী ধারাবাহিক মূল্যায়নে তাত্ত্বিক ও ব্যবহারিক উভয়ে বিষয়/বিষয়াংশে পৃথকভাবে পাশের জন্য নির্ধারিত হারে নম্বর পাইয়া থাকিলে একাদশ ও দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষার ফরম পূরণ করার যোগ্য বলিয়া বিবেচিত হইবে।
- ৪.১.৫ কোন শিক্ষার্থী একাদশ শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অনুপস্থিত থাকলে বা পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হলে পরবর্তীতে ঐচ্ছিক বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে না এবং দ্বাদশ শ্রেণিতে ঐচ্ছিক বিষয় অন্তর্ভুক্ত করতে পারবে না।
- ৪.১.৬ কোন শিক্ষার্থী দ্বাদশ শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অনুপস্থিত থাকলে বা পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হলে পরবর্তীতে ঐচ্ছিক বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে না এবং একাদশ শ্রেণিতে উত্তীর্ণ ঐচ্ছিক বিষয়ের প্রাপ্ত জিপি চূড়ান্ত ফলাফলে কোন প্রভাব ফেলবে না।
- ৪.১.৭ দ্বাদশ শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশ গ্রহণ করে কৃতকার্য হলে অন্যান্য সকল বিষয়ে উত্তীর্ণ থাকলে ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত জিপি ২ অপেক্ষা বেশী হলে ২ এর অধিক জিপি যোগ করে জিপিএ নির্ধারণ করা হবে। ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত জিপি ২ বা তার কম হলে এ জিপি চূড়ান্ত ফলাফলে যুক্ত হবে না।

### ৪.২ ধারাবাহিক মূল্যায়ন:

- ৪.২.১ তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়াংশের ধারাবাহিক মূল্যায়ন শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সম্পন্ন করিবে।
- ৪.২.২ তাত্ত্বিক বিষয়/বিষয়াংশের ধারাবাহিক মূল্যায়নে মানবন্টন হইবে নিম্নরূপ (মোট নম্বরের শতকরা হারে):

বর্ষমধ্য পরীক্ষা	:	৪০%
ক্লাশ টেস্ট (শ্রেণি পরীক্ষা)	:	২০%
কুইজ (স্বল্পমেয়াদি ও অঘোষিত শ্রেণি পরীক্ষা)	:	২০%
এসাইনমেন্ট (বাড়ির কাজ)	:	১০%
হাজিরা ও আচরণ	:	১০%
মোট	:	১০০%

- ৪.২.৩ ব্যবহারিক বিষয়/বিষয়াংশের ধারাবাহিক মূল্যায়নে মানবন্টন হইবে নিম্নরূপ (মোট নম্বরের শতকরা হারে):

বর্ষমধ্য পরীক্ষা	:	২০%
জব/এক্সপেরিমেন্ট রিপোর্ট	:	৬০%
জব/এক্সপেরিমেন্ট রিপোর্ট	:	৫%
মৌখিক পরীক্ষা	:	৫%
হাজিরা ও আচরণ	:	১০%
মোট	:	১০০%

- 8.২.৪ প্রতি বর্ষের প্রাতিষ্ঠানিক শিক্ষার ১৮তম সপ্তাহে তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় অংশে শিক্ষা প্রতিষ্ঠান বর্ষমধ্য পরীক্ষা গ্রহণ করিবে।
- 8.২.৫ প্রতিষ্ঠান প্রধান বা তাঁহার মনোনীত শিক্ষক বর্ষমধ্য পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করিবেন। তিনি পরীক্ষা আরম্ভের কমপক্ষে একমাস পূর্বে পরীক্ষার তারিখ ঘোষণা করিবেন।
- 8.২.৬ তাত্ত্বিক বিষয়/বিষয়াংশের বর্ষমধ্য পরীক্ষার সময়কাল হইবে ৫০ নম্বরবিশিষ্ট বিষয়/বিষয়াংশের ক্ষেত্রে ১ ঘন্টা এবং ১০০ নম্বরবিশিষ্ট বিষয়/বিষয়াংশের ক্ষেত্রে ১.৫ ঘন্টা।
- 8.২.৭ ব্যবহারিক বিষয়/বিষয়াংশের বর্ষমধ্য পরীক্ষার সময়কাল বিষয় শিক্ষক নির্ধারণ করিবেন। তবে ইহাতে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অনুমোদন থাকিতে হইবে।
- 8.২.৮ ব্যবহারিক বিষয়/বিষয়াংশের বর্ষমধ্য পরীক্ষার নম্বর বিন্যাস হইবে নিম্নরূপ (মোট নম্বরের শতকরা হারে)।
- |                     |   |      |
|---------------------|---|------|
| ব্যবহারিক কাজ       | : | ৭০%  |
| সংশ্লিষ্ট প্রতিবেদন | : | ২০%  |
| মৌখিক পরীক্ষা       | : | ১০%  |
| মোট                 | : | ১০০% |

ব্যবহারিক কাজের নির্ধারিত ৭০% নম্বর কাজের প্রকৃতি/ধরণ অনুসারে সংশ্লিষ্ট পরীক্ষক বিভাজন করিবেন।

- 8.২.৯ বর্ষমধ্য পরীক্ষার জন্য তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় অংশে বিষয়-শিক্ষক প্রশ্নপত্র প্রণয়ন করিবেন। একের অধিক শিক্ষক একই বিষয়ে শিক্ষা দান করিয়া থাকিলে প্রতিষ্ঠানের শিক্ষা পরিষদের সুপারিশ অনুসারে প্রতিষ্ঠান প্রধানের নির্দেশক্রমে প্রত্যেকে আলাদাভাবে অথবা সকলে সম্মিলিতভাবে প্রশ্নপত্র প্রণয়ন করিয়া প্রতিষ্ঠান প্রধানের নিকট দাখিল করিবেন। সকল প্রশ্নপত্রের সহিত মূল্যায়ন নির্দেশিকা (মার্কিং স্কিম) দাখিল করিতে হইবে।
- 8.২.১০ বিষয় শিক্ষক প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনীত এক/দুই জন শিক্ষকসহ গঠিত কমিটির প্রধান হিসাবে প্রশ্নপত্র সমন্বয়সাধন করিয়া প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিবেন।
- 8.২.১১ বর্ষমধ্য পরীক্ষার ব্যবহারিক বিষয়/বিষয়াংশের ব্যবহারিক কাজ ও তাত্ত্বিক বিষয়/বিষয়াংশের উত্তরপত্র সাধারণত শ্রেণি শিক্ষক মূল্যায়ন নির্দেশিকা অনুসারে মূল্যায়ন করিবেন। একই বিষয়ে একাধিক শিক্ষক থাকিলে বর্ষমধ্য পরীক্ষার ব্যবহারিক কাজ ও উত্তরপত্র মূল্যায়ন নির্দেশিকা অনুসারে মূল্যায়নের জন্য ব্যবহারিক কাজ ও উত্তরপত্র বিষয় শিক্ষকদের মধ্যে বদলাইয়া দেওয়া যাইতে পারে।
- 8.২.১২ মূল্যায়িত ব্যবহারিক কাজ ও পরীক্ষিত উত্তরপত্র নম্বরসহ নিরীক্ষার জন্য প্রতিষ্ঠান প্রধান বা তাহার মনোনীত শিক্ষকের নিকট জমা দিতে হইবে।
- 8.২.১৩ বর্ষমধ্য পরীক্ষার প্রশ্নপত্র মূল্যায়িত ব্যবহারিক কাজ ও পরীক্ষিত উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় রেকর্ড বোর্ড সমাপনী পরীক্ষা শেষ হওয়ার তারিখ হইতে তিন মাস পর্যন্ত প্রতিষ্ঠানে সংরক্ষণ করিতে হইবে এবং নির্দেশিত হইলে উহা বোর্ডে প্রেরণ করিতে হইবে।
- 8.২.১৪ মূল্যায়িত ব্যবহারিক কাজ ও তাত্ত্বিক উত্তরপত্র শিক্ষার্থীকে দেখাইবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।
- 8.২.১৫ বিষয় শিক্ষক বর্ষমধ্য পরীক্ষার পূর্বে ও পরে তাত্ত্বিক বিষয়ের উপর মোট ২টি শ্রেণি পরীক্ষা এবং ২টি কুইজ গ্রহণ করিবেন। শ্রেণি পরীক্ষার স্থান ও সময়সূচি শিক্ষক পূর্বেই ঘোষণা করিবেন এবং নির্ধারিত পিরিয়ডে এই পরীক্ষা গ্রহণ করিবেন। কুইজ ক্লাশ চলাকালীন যে কোন সময়ে গ্রহণ করা যাইবে।
- 8.২.১৬ প্রত্যেক শিক্ষার্থীর জন্য প্রতিষ্ঠান প্রধান একটি অগ্রগতি কার্ড পূরণ করার ব্যবস্থা নিবেন। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হইতে অগ্রগতি কার্ড সরবরাহ করা হইবে। বিভাগীয় প্রধান অথবা তাহার মনোনীত কোন শিক্ষক এই অগ্রগতি কার্ড পূরণ করিবেন। অগ্রগতি কার্ড মাঝে মাঝে শিক্ষার্থীদেরকে প্রদর্শন করিতে হইবে।

### ৪.৩ চূড়ান্ত মূল্যায়ন:

- 8.৩.১ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড একাদশ ও দ্বাদশ শ্রেণি সমাপনান্তে যথাক্রমে একাদশ ও দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষা গ্রহণ করিবে।
- 8.৩.২ বোর্ড সমাপনী পরীক্ষা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অথবা অন্য কোন শিক্ষাতন/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হইবে। তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়/বিষয়াংশের পরীক্ষার বিস্তারিত সময়সূচী ও পরীক্ষার কেন্দ্র সম্বন্ধে বোর্ড বিজ্ঞপ্তি প্রদান করিবে।
- 8.৩.৩ বোর্ডের প্রচলিত নিয়ম অনুসারে তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়/বিষয়াংশের পরীক্ষা ভারপ্রাপ্ত কর্মকর্তার (অফিসার ইনচার্জ) তত্ত্বাবধানে নির্ধারিত কেন্দ্রে অনুষ্ঠিত হইবে।
- 8.৩.৪ তাত্ত্বিক বিষয়/বিষয়াংশের বোর্ড সমাপনী পরীক্ষার সময়কাল হইবে ৫০ নম্বর বিশিষ্ট বিষয়াংশের ক্ষেত্রে ২ ঘন্টা এবং ১০০ বা তদুর্ধ্ব নম্বর বিশিষ্ট বিষয়/বিষয়াংশের ক্ষেত্রে ৩ ঘন্টা।
- 8.৩.৫ ব্যবহারিক বিষয়/বিষয়াংশের বোর্ড সমাপনী পরীক্ষার সময়কাল হইবে ৫০ নম্বর বিশিষ্ট বিষয়াংশের ক্ষেত্রে ২ ঘন্টা এবং ১০০ বা তদুর্ধ্ব নম্বর বিশিষ্ট বিষয়/বিষয়াংশের ক্ষেত্রে ৩ ঘন্টা।

৪.৩.৬ ব্যবহারিক বিষয়/বিষয়াংশের বোর্ড সমাপনী পরীক্ষার নম্বর বিন্যাস হইবে নিম্নরূপ (মোট নম্বরের শতকরা হারে)

ব্যবহারিক কাজ	:	৭০%
সংশ্লিষ্ট প্রতিবেদন	:	২০%
মৌখিক পরীক্ষা	:	১০%
মোট :		১০০%

ব্যবহারিক কাজের নির্ধারিত ৭০% নম্বর কাজের প্রকৃতি/ধরণ অনুসারে বিভাজন করিতে হইবে।

- ৪.৩.৭ একাদশ ও দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষার প্রশ্নপত্র বোর্ড হইতে পরীক্ষা কেন্দ্রে ভারপ্রাপ্ত কর্মকর্তা বা বোর্ড কর্তৃক মনোনীত কর্তৃপক্ষের নিকট প্রেরিত হইবে।
- ৪.৩.৮ একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হইবার পরে উত্তরপত্র সমূহ অভ্যন্তরিনভাবে অর্থাৎ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে শিক্ষক দ্বারা পরীক্ষিত হইবে।
- ৪.৩.৯ একাদশ শ্রেণির ব্যবহারিক বিষয়/বিষয়াংশের পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা, মৌখিক পরীক্ষা গ্রহণ ও নম্বর প্রদানে সংশ্লিষ্ট বিষয় শিক্ষককে সহায়তা করিবার জন্য বিভাগীয় প্রধান/প্রতিষ্ঠান প্রধান অন্য যে কোন শিক্ষককে নিয়োগ করিতে পারিবেন।
- ৪.৩.১০ একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষার পরীক্ষিত উত্তরপত্র, তাত্ত্বিক ও ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়নের ফলাফল সংকলনের (টেবুলেশন) ব্যবস্থা করিবেন এবং দুই কপি টেবুলেশন শীট প্রতিষ্ঠানের শিক্ষা পরিষদের অনুমোদনের জন্য পেশ করিবেন। প্রতিষ্ঠান প্রধান শিক্ষা পরিষদের অনুমোদনক্রমে যথারীতি ফলাফল ঘোষণা করিবেন এবং এক কপি টেবুলেশন শীট বোর্ডে প্রেরণ করিতে হইবে।
- ৪.৩.১১ একাদশ শ্রেণির মূল্যায়িত ব্যবহারিক কাজ ও পরীক্ষিত উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় রেকর্ড বোর্ড সমাপনী পরীক্ষা শেষ হওয়ার তারিখ হতে তিন মাস পর্যন্ত প্রতিষ্ঠানে সংরক্ষণ করিতে হইবে এবং নির্দেশিত হইলে এই সকল তথ্য বোর্ডে প্রেরণ করিতে হইবে।
- ৪.৩.১২ প্রতিষ্ঠানের শিক্ষা পরিষদের অনুমোদিত ফলাফলের ভিত্তিতে একাদশ শ্রেণির জন্য প্রতিষ্ঠান কর্তৃপক্ষ নিম্নবর্ণিত বিষয়ের উপরে ফলাফল প্রকাশের ব্যবস্থা গ্রহণ করিবেন।
- ক. কৃতকার্য শিক্ষার্থীদের মেধা তালিকা
- খ. বিষয় উল্লেখপূর্বক পরবর্তী বর্ষের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগপ্রাপ্ত ছাত্র/ছাত্রীর তালিকা
- গ. বৃত্তিপ্রাপ্ত/পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা (প্রযোজ্য হইলে)
- ৪.৩.১৩ একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় শিক্ষার্থীঅনধিক দুইটি বিষয়ে অকৃতকার্য হইলে তাহাদিগকে পরবর্তী একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় নির্ধারিত বিষয়াদির সহিত একাদশ শ্রেণির অকৃতকার্য বিষয়/বিষয়াংশের পরীক্ষায় পুনরায় অংশগ্রহণ করিতে হইবে।
- ৪.৩.১৪ একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় এক বা দুই বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থী পরবর্তী বর্ষে ঐ বিষয়ে/বিষয়দ্বয়ে পাশ করিলে এই পরীক্ষায় প্রাপ্ত নম্বর অনুযায়ী তাহাদের একাদশ শ্রেণির ফলাফল পরিমার্জন করা হইবে। তবে প্রতিষ্ঠান কর্তৃক একাদশ শ্রেণির ঘোষিত মেধা তালিকায় ইহার কার্যকারিতা থাকিবে না।
- ৪.৩.১৫ একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষার অব্যবহিত পরে অভ্যন্তরিনভাবে মূল্যায়িত সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীদের উত্তরপত্রের শতকরা ১০ ভাগ এবং ২৮% হইতে ৩৮% নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীদের উত্তরপত্র শতকরা ১০ ভাগ নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডে চাহিবা মাত্র প্রেরণ করিতে হইবে। বোর্ড আন্তঃপ্রতিষ্ঠানের মান পরীক্ষা করিবার জন্য প্রেরিত উত্তরপত্রগুলি মূল্যায়ন করিবে এবং উত্তরপত্র মূল্যায়নের প্রেক্ষিতে প্রতিষ্ঠানগুলির মানের সমতা বিধানকল্পে প্রয়োজনীয় প্রতিবেদন প্রদান করিবে। বোর্ডের মূল্যায়নে প্রাপ্ত নম্বর ও প্রতিষ্ঠানে মূল্যায়নে প্রাপ্ত নম্বরের মধ্যে তারতম্য দেখা দিলেও প্রতিষ্ঠানের মূল্যায়নে প্রাপ্ত নম্বর অপরিবর্তিত থাকিবে। তবে বোর্ড প্রতিষ্ঠান প্রধানকে এ ব্যাপারে সতর্ক করিবে এবং পরবর্তী বর্ষ চলাকালীন সময়ে বোর্ড সমাপনী পরীক্ষার উত্তরপত্র, ধারাবাহিকভাবে মূল্যায়িত উত্তরপত্র বা ব্যবহারিক কাজ বোর্ড কর্তৃক মূল্যায়ন করিবার নিমিত্ত নির্দেশিত হইলে বোর্ডে প্রেরণ করিতে হইবে।
- ৪.৩.১৬ দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষার উত্তরপত্রসমূহ অনাভ্যন্তরীনভাবে অর্থাৎ বোর্ডের ব্যবস্থাপনায় পরীক্ষিত হইবে।
- ৪.৩.১৭ দ্বাদশ শ্রেণির তাত্ত্বিক বিষয়/বিষয়াংশের বোর্ড সমাপনী পরীক্ষা সমাপনান্তে ভারপ্রাপ্ত কর্মকর্তা যথারীতি বীমাকৃত পার্শেল ডাকযোগে উত্তরপত্র বোর্ডে পাঠাইবেন। বোর্ড কর্তৃক নিয়োজিত পরীক্ষকগণ উহা মূল্যায়ন করিবেন।
- ৪.৩.১৮ দ্বাদশ শ্রেণির ব্যবহারিক বিষয়/বিষয়াংশের বোর্ড সমাপনী পরীক্ষা অভ্যন্তরিন ও অনাভ্যন্তরিন পরীক্ষক যৌথভাবে গ্রহণ করিবেন। বোর্ড হইতে অনাভ্যন্তরিন পরীক্ষক নিয়োগ করা হইবে। পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা অভ্যন্তরিন পরীক্ষক নিয়োগ করা হইবে। পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা অভ্যন্তরিন পরীক্ষক নিয়োগ করিবেন। সাধারণত বিষয়-শিক্ষক সংশ্লিষ্ট বিষয়ের জন্য অভ্যন্তরিন পরীক্ষক হিসাবে নিয়োজিত হইবেন।
- ৪.৩.১৯ দ্বাদশ শ্রেণির ক্লাশ চলাকালীন সময়ে শিক্ষার্থীদের সম্পাদিত ব্যবহারিক কাজ, সংশ্লিষ্ট প্রতিবেদন ইত্যাদি প্রয়োজনীয় নিরীক্ষনের জন্য প্রতিষ্ঠানে সংরক্ষণ করিতে হইবে এবং অভ্যন্তরিন ও অনাভ্যন্তরিন পরীক্ষক পুনঃনিরীক্ষণ করিয়া প্রাপ্ত নম্বরের সমন্বয় করিতে পারিবেন। এই বিষয়ে মতানৈক্য দেখা দিলে অনাভ্যন্তরিন পরীক্ষকের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

- ৪.৩.২০ দ্বাদশ শ্রেণির ব্যবহারিক বোর্ড সমাপনী পরীক্ষার বিষয়ের প্রয়োজন অনুসারে কেন্দ্রের প্রাপ্ত সুবিধাদির ভিত্তিতে অনাভ্যন্তরীণ ও আভ্যন্তরীণ পরীক্ষকগণ পরীক্ষা কেন্দ্রে যৌথ তত্ত্বাবধানে বোর্ড কর্তৃক প্রেরিত প্রশ্নপত্রের দ্বারা পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করিবেন।
- ৪.৩.২১ একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অনধিক দুইটি বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থী ঐ বিষয়/বিষয়াংশে উত্তীর্ণ হইলে তাকে একাদশ শ্রেণিতে কৃতকার্য ঘোষণা করা হইবে। কিন্তু একাদশ শ্রেণির বিষয়/বিষয়াংশে কৃতকার্য হওয়া ব্যতিরেকে দ্বাদশ শ্রেণির পরীক্ষার বিষয়সমূহে কৃতকার্য হইলেও তাকে দ্বাদশ শ্রেণির পরীক্ষায় কৃতকার্য ঘোষণা করা হইবে না।
- ৪.৩.২২ কোন শিক্ষার্থী একাদশ শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অনুপস্থিত থাকলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে পরবর্তিতে ঐচ্ছিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না এবং দ্বাদশ শ্রেণিতে ঐচ্ছিক বিষয় অন্তর্ভুক্ত করতে পারবে না।
- ৪.৩.২৩ কোন শিক্ষার্থী দ্বাদশ শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অনুপস্থিত থাকলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে পরবর্তিতে ঐচ্ছিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না এবং একাদশ শ্রেণিতে উত্তীর্ণ ঐচ্ছিক বিষয়ের প্রাপ্ত জিপি চূড়ান্ত ফলাফলে কোন প্রভাব ফেলবে না।
- ৪.৩.২৪ দ্বাদশ শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে কৃতকার্য হলে অন্যান্য সকল বিষয়ে উত্তীর্ণ থাকলে ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত জিপি ২ অপেক্ষা বেশী হলে ২ এর অধিক জিপি যোগ করে জিপিএ নির্ধারণ করা হবে। ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত জিপি ২ বা তার কম হলে এ জিপি চূড়ান্ত ফলাফলে যুক্ত হবে না।

**৫. ট্রেড সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ (ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট):**

- ৫.১ ট্রেড সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ (ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট) এবং ইহার বিকল্প শিক্ষা প্রতিষ্ঠানে প্রকল্প কাজের বিষয়সমূহ কাঠামো বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রণয়ন করিবে এবং প্রশিক্ষণ বোর্ডের সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী মূল্যায়নের ব্যবস্থা করা হইবে।
- ৫.২ ট্রেড সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ ব্যবস্থাকরণ যদি সম্ভব না হয়, তবে বোর্ডের পূর্বানুমোদনক্রমে বিকল্প ব্যবস্থা হিসাবে প্রাতিষ্ঠানিক প্রকল্প কাজের মাধ্যমে ইহা সম্পন্ন করিতে হইবে।

**৬. সনদায়ন :**

- ৬.১ একাদশ ও দ্বাদশ শ্রেণির বোর্ড পরীক্ষায় সকল বিষয়ে কৃতকার্য হইলে ধারাবাহিক মূল্যায়ন ও বোর্ড সমাপনী পরীক্ষা এবং ট্রেড সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বোর্ড নির্ধারিত বিন্যাস অনুযায়ী ফলাফল সংকলন করিয়া এইচ এস সি (ভোকেশনাল) সনদপত্র প্রদান হইবে।
- ৬.২ এইচ এস সি (ভোকেশনাল) এর সনদায়নে একাদশ শ্রেণির ২৫% নম্বর এবং দ্বাদশ শ্রেণির ৭৫% গ্রহণ করা হইবে।

বিষয়	একাদশ শ্রেণির ২৫%			দ্বাদশ শ্রেণির ৭৫%			সর্বমোট
	তাত্ত্বিক	ব্যবহারিক	মোট	তাত্ত্বিক	ব্যবহারিক	মোট	
বাংলা	৫০	-	৫০	১৫০	-	১৫০	২০০
ইংরেজি	৫০	-	৫০	১৫০	-	১৫০	২০০
পদার্থ বিজ্ঞান	৩৭.৫	১২.৫	৫০	১১২.৫	৩৭.৫	১৫০	২০০
রসায়ন বিজ্ঞান	৩৭.৫	১২.৫	৫০	১১২.৫	৩৭.৫	১৫০	২০০
উচ্চতর গণিত	৫০	-	৫০	১৫০	-	১৫০	২০০
কম্পিউটার এ্যাপ্লিকেশন	-	১২.৫	১২.৫	-	-	-	১২.৫
আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ	-	-	-	৩৭.৫	-	৩৭.৫	৩৭.৫
ট্রেড	২৫	৬২.৫	৮৭.৫	৭৫	১৮৭.৫	২৬২.৫	৩৫০
ঐচ্ছিক বিষয়	১৮.৭৫	৬.২৫	২৫	৫৬.২৫	১৮.৭৫	৭৫	১০০
ট্রেড সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ	-	-	-	-	-	১০০	১০০
সর্বমোট	২৬৮.৭৫	১০৬.২৫	৩৭৫	৮১৮.৭৫	৩০৬.২৫	১২২৫	১৬০০

**৬.৩ শিক্ষার্থীদের নিম্নরূপ গ্রেড পয়েন্টের ভিত্তিতে মূল্যায়ন করা হবে :**

লেটার গ্রেড	প্রাপ্ত নম্বরের শ্রেণি ব্যাপ্তি	গ্রেড পয়েন্ট
A+	৮০% হতে ১০০%	৫.০০
A	৭০% হতে ৮০% এর নীচে	৪.০০
A-	৬০% হতে ৭০% এর নীচে	৩.৫০
B	৫০% হতে ৬০% এর নীচে	৩.০০
C	৪০% হতে ৫০% এর নীচে	২.০০
D	৩৩% হতে ৪০% এর নীচে	১.০০
F	০০% হতে ৩৩% এর নীচে	০

- ৬.৪ দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীকে এই পরীক্ষার ফলাফলের মান উন্নয়নকল্পে নির্ধারিত ফি প্রদান করিয়া সকল তাত্ত্বিক বিষয়/বিষয়াংশের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া যাইতে পারে। এই মান উন্নয়ন পরীক্ষার দ্বাদশ শ্রেণির সকল তাত্ত্বিক বিষয়ে কৃতকার্য শিক্ষার্থীদের প্রাপ্ত মোট নম্বর ধারাবাহিক মূল্যায়ন প্রাপ্ত নম্বরের সহিত সংকলন

করিয়। ফলাফল নির্ধারণ করা হইবে। মান উন্নয়ন না হইলে তাহার পূর্বের ফলাফল বলবৎ থাকিবে। মান উন্নয়ন হইলে পূর্বের ফলাফল বাতিল করা হইবে।

- ৬.৫ এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম সাধারণ শিক্ষা এবং জাতীয় দক্ষতা মান ১ এর সমন্বয়ে গঠিত। এইচএসসি (ভোকেশনাল) সনদপত্র প্রাপ্ত হইলে জাতীয় দক্ষতা মান ১ এর পাঠ্যক্রম সম্পন্ন করিয়াছে বলিয়া গণ্য হইবে।
- ৬.৬ একাদশ ও দ্বাদশ শ্রেণিতে সাধারণ বিষয়/বিষয়াদিতে অকৃতকার্য হইয়া শুধুমাত্র ট্রেড পাশ করিলে জাতীয় দক্ষতা মান ১ এর পাঠ্যক্রম সম্পন্ন করিয়াছে বলিয়া বোর্ড কর্তৃক সনদপত্র প্রদান করা হইবে।

#### ৭. শ্রেণি উত্তরণ :

- ৭.১ একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীদের দ্বাদশ শ্রেণিতে যথারীতি প্রমোশন দেওয়া হইবে।
- ৭.২ একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় শিক্ষার্থী অনধিক দুইটি বিষয়ে অকৃতকার্য হইলেও দ্বাদশ শ্রেণিতে প্রমোশন দেওয়া হইবে। কিন্তু তাহাদিগকে পরবর্তী একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় নির্ধারিত বিষয়াদির সহিত একাদশ শ্রেণির অকৃতকার্য বিষয়/বিষয়ান্তরের পরীক্ষায় পুনরায় অংশগ্রহণ করিতে হইবে।

#### ৮. পুনঃভর্তি:

- ৮.১ একাদশ শ্রেণির ধারাবাহিক মূল্যায়নে প্রতি বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক অংশে কৃতকার্য না হইলে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হইবে না। তবে যে শিক্ষাবর্ষে ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য হইয়াছে তাহার অব্যবহিত পরের শিক্ষাবর্ষে পুনরায় একাদশ শ্রেণিতে ভর্তি হইতে পারিবে। একাদশ শ্রেণিতে পুনঃভর্তির এই সুযোগ কেবলমাত্র একবারই গ্রহণ করিতে পারিবে।
- ৮.২ একাদশ শ্রেণির কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা অর্জনে ব্যর্থ হওয়ার কারণে অথবা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে বোর্ড সমাপনী পরীক্ষায় ফরম পূরণে ব্যর্থ শিক্ষার্থী অব্যবহিত পরের শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি হইতে পারিবে। এই সুযোগ পরবর্তী এক শিক্ষাবর্ষ পর্যন্ত গ্রহণ করা যাইবে।
- ৮.৩ দ্বাদশ শ্রেণিতে ধারাবাহিক মূল্যায়ন প্রতি বিষয়ের তাত্ত্বিক ও ব্যবহারিক অংশে কৃতকার্য না হইলে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হইবে না। তবে যে শিক্ষাবর্ষে ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য হইয়াছে তাহার অব্যবহিত পরের শিক্ষাবর্ষে পুনরায় দ্বাদশ শ্রেণিতে ভর্তি হইতে পারিবে। এই সুযোগ পরবর্তী দুই শিক্ষাবর্ষ পর্যন্ত গ্রহণ করা যাইবে।
- ৮.৪ দ্বাদশ শ্রেণির কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা না থাকার কারণে অথবা প্রতিষ্ঠানের শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় ফরম পূরণে ব্যর্থ শিক্ষার্থী অব্যবহিত পরের শিক্ষাবর্ষে পুনরায় ভর্তি হইতে পারিবে। দ্বাদশ শ্রেণিতে পুনঃভর্তির এই সুযোগ পরবর্তী দুই শিক্ষাবর্ষ পর্যন্ত গ্রহণ করা যাইবে।

#### ৯. অনিয়মিত শিক্ষার্থী :

- ৯.১ একাদশ শ্রেণির ব্যবহারিক ও তাত্ত্বিক বিষয়ের বোর্ড সমাপনী পরীক্ষায় অনধিক দুই বিষয়ে অকৃতকার্য হইলে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়ন করিতে পারিবে এবং পরবর্তী শিক্ষাবর্ষে নিয়মিত পরীক্ষার্থী হিসাবে একাদশ শ্রেণির পরবর্তী বোর্ড সমাপনী পরীক্ষার সময় অকৃতকার্য একাদশ শ্রেণির বিষয়/বিষয়দ্বয়ের পরীক্ষা দিতে হইবে। তবে তাহাকে প্রতি বিষয়ের জন্য বোর্ডের নির্ধারিত ফি প্রদান করিতে হইবে।
- ৯.২ একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় তিন বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে পরবর্তী বোর্ড সমাপনী পরীক্ষার সময় একাদশ সকল বিষয়ে অংশগ্রহণ করিতে পারিবে। এইরূপ শিক্ষার্থীকে বোর্ডের নির্ধারিত ফি প্রদান করিতে হইবে। এই সুযোগ পরবর্তী দুই শিক্ষাবর্ষ পর্যন্ত গ্রহণ করা যাইবে।
- ৯.৩ দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে। এইরূপ ক্ষেত্রে পরীক্ষার্থীকে প্রতি বিষয়ের জন্য বোর্ডের নির্ধারিত ফি প্রদান করিতে হইবে।
- ৯.৪ অনিয়মিত প্রার্থীগণ ধারাবাহিকভাবে পর্যায়ক্রমে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করিতে ব্যর্থ হইলে ধারাবাহিকতা বজায় রাখার জন্য তাহাকে নির্ধারিত ফিসহ প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট আবেদন করিতে হইবে। এই সুযোগ পরবর্তী তিন বৎসর পর্যন্ত প্রদান করা হইবে।
- ৯.৫ দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে পরবর্তী দ্বাদশ শ্রেণির পরীক্ষার সময় তাহার অকৃতকার্য বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে। এইরূপ ক্ষেত্রে পরীক্ষার্থীকে প্রতি বিষয়ের জন্য বোর্ডের নির্ধারিত ফি প্রদান করিতে হইবে। তবে পরীক্ষার্থী তাহার অকৃতকার্য বিষয়/বিষয়সমূহের পরিবর্তে দ্বাদশ শ্রেণির সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করিলে তাহাকে নিয়মিত হিসাবে বিবেচনা করা হইবে।
- ৯.৬ অনিয়মিত প্রার্থীগণ ধারাবাহিক ভাবে বা পর্যায়ক্রমে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করিতে ব্যর্থ হইলে ধারাবাহিকতা বজায় রাখার জন্য তাহাকে নির্ধারিত ফিসহ প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট আবেদন করিতে হইবে।
- ৯.৭ একাদশ শ্রেণির কৃতকার্য শিক্ষার্থী পরবর্তী শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে ভর্তি না হইলে তাহাকে অনিয়মিত বলিয়া বিবেচনা করা হইবে।

#### ১০. হাজিরা:

- ১০.১ শিক্ষার্থীদেরকে পৃথকভাবে ব্যবহারিক ও তাত্ত্বিক ক্লাশে ন্যূনপক্ষে শতকরা ৮০ ভাগ উপস্থিত থাকিতে হইবে।
- ১০.২ অসুস্থতা বা গ্রহণযোগ্য অন্য কোন কারণে প্রতিষ্ঠানের শিক্ষা পরিষদের সুপারিশক্রমে প্রতিষ্ঠান প্রধান আরও শতকরা ১০ ভাগ হাজিরা মওকুফ করিতে পারিবেন।

#### ১১. পরীক্ষানুষ্ঠানের সমন্বিত শৃঙ্খলাবিধি:

বোর্ড অনুমোদিত পরীক্ষানুষ্ঠানের সমন্বিত শৃঙ্খলা বিধি ও উপবিধি এই শিক্ষাক্রমের জন্য অনুসরণ করিতে হইবে।

১২. এই প্রবিধানের ধারা/ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার শুধুমাত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকিবে এবং বোর্ডের ব্যাখ্যাই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।

এইচ এস সি (ভোকেশনাল) শিক্ষাক্রমের  
সাধারণ পাঠ্যসূচী

(বোর্ডের ১০০তম সভায় অনুমোদিত এবং পরবর্তী বোর্ড সভায় অনুমোদন সাপেক্ষে প্রকাশ করা হল)



# একাদশ শ্রেণি

## বাংলা-১

বিষয় কোড: ১১১১

### ক। গদ্য (সৃজনশীল প্রশ্ন)

- ১। হৈমন্তী -রবীন্দ্রনাথ ঠাকুর
- ২। সাহিত্যে খেলা -প্রমথ চৌধুরী
- ৩। বিলাসী -শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
- ৪। দুর্নীতি, উন্নয়নের অন্তরায় ও উত্তরণের পথ -(সংকলিত)

### খ। কবিতা (সৃজনশীল প্রশ্ন)

- ১। বঙ্গভাষা -মাইকেল মধুসূদন দত্ত
- ২। জীবন বন্দনা -কাজী নজরুল ইসলাম
- ৩। কবর -জসীমউদ্দীন
- ৪। পাঞ্জেরি -ফররুখ আহমদ

### গ। উপন্যাস (সৃজনশীল প্রশ্ন)

#### পদ্মা নদীর মাঝি

মূল : মাণিক বন্দ্যোপাধ্যায়

সম্পাদনা : মুহম্মদ জালালউদ্দিন আহমদ

প্রকাশক : কামরুল এন্টারপ্রাইজ

#### ব্যাকরণ ১। শব্দ গঠন

গঠন অনুসারে  
অর্থ অনুসারে  
উৎপত্তি অনুসারে

#### ২। বাক্য গঠন

ভাব অনুসারে  
গঠন অনুসারে  
অর্থ অনুসারে।

#### ৩। প্রকৃতি ও প্রত্যয়

#### ৪। উপসর্গ

(এ সব বিষয়ে প্রশ্ন প্রণয়নের ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক বাংলা সংকলন' গ্রন্থের পাঠ্যসূচীভূক্ত পাঠ গুরুত্ব পাবে)।

#### ভাব সম্প্রসারণ

#### দরখাস্ত/পত্র রচনা

ব্যক্তিগত পত্র, নিমন্ত্রণপত্র, অভিনন্দন পত্র, বিদায় সংবর্ধনা ও আবেদন পত্র (চাকরির আবেদন পত্র, প্রতিষ্ঠান প্রধানের নিকট আবেদন পত্র, জনপ্রতিনিধির নিকট আবেদন পত্র, পত্র-পত্রিকায় প্রকাশের আবেদন পত্র)

### মানবন্টন

বিষয়	মোট নম্বর	ধারাবাহিক নম্বর	চূড়ান্ত নম্বর
গদ্যাংশ	৬০	৩০	৩০
পদ্যাংশ	৬০	৩০	৩০
উপন্যাস	২০	১০	১০
ব্যাকরণ	৬০	৩০	৩০
মোট	২০০	১০০	১০০

**চূড়ান্ত মূল্যায়নের প্রশ্নের ধারা ও মানবণ্টন**

বিষয়বস্তু	প্রশ্ন সংখ্যা	উত্তর দিতে হবে	মানবণ্টন
গদ্যাংশ	৫ টি	৩ টি	১০X৩=৩০
পদ্যাংশ	৫ টি	৩ টি	১০X৩=৩০
উপন্যাস	২ টি	১ টি	১০X১=১০
ব্যাকরণ	৬ টি	৪ টি	৫X৪=২০
ভাবসম্প্রসারণ	২ টি	১ টি	৫X১=০৫
দরখাস্ত/ পত্র রচনা	২ টি	১ টি	৫X১=০৫
মোট			১০০

সৃজনশীল ক্ষেত্রের মান বণ্টন :

প্রশ্নের ধারা :	মান :
ক. জ্ঞান মূলক	- ১ নম্বর
খ. অনুধারন মূলক	- ২ নম্বর
গ. প্রয়োগ মূলক	- ৩ নম্বর
ঘ. উচ্চতর দক্ষতা	- ৪ নম্বর

**English-1**

বিষয় কোড: ১১১২

Objectives:

After completion of the course, learners will be able to develop

Listening with understanding

The fluency of speech

Reading with understanding

Grammatical accuracy with emphasis on spelling and punctuation

Creative writing

Transferring Information.

Communicating Effectingly

Contents: Seen Comprehension

Unit	Lesson	Title	Periods
One: Families Home and Abroad	1	Our family	2
	5	Changing trends	2
Three: Learning English	1	Learning a language	2
	2	Why learning English	2
	3	How to learn English	2
Six: Our Environment	1	The Environment and the Ecosystem	2
	2	How the Environment is polluted	2
	3	The World is getting warmer	2
	4	Let's not be cruel to them.	2
Seven: Disasters we live with	4	Erosion	1
	5	The shake and the quake	2
Eight: Towards social awareness	3	Isn't it too loud	2
Nine: Getting Educated	1	Why we need education	2
	3	Problems we face	2
	8	True education	2

Ten:	1	Getting the best out of TV	2
Entertainment	4	Entertainment through the ages	2
Twelve:	1	personalities at home	2
Personalities	3	Rabindranath Tagore	2
	4	The man behind the shaheed Minar.	2

Part-2: Grammar

Unit	Lesson	Title	Period
One: Pronouns & Determiners	3	Determiners	3
Three: Use of Adjectives & Adverbs	1	Adjectives	3
	2	Adverbs	2
	3	Adverbs used in comparison	2
	4	Some confusing Adverbs	3
Five: Word order	1	Word order	3
Seven: Subject-verb Agreement	1	Subject-verb Agreement	4
Thirteen: Further uses of Articles.	1	uses of Articles.	2

N.B: The unit mentioned refers to the text Book (1<sup>st</sup> & 2<sup>nd</sup> Paper) for class XI & XII by National Curriculum & Text Book, Board, Dhaka.

Part: 3 Compositions

Area of interest: With hints/key words

National, Social, political problems: population, unemployment, Terrorism, Drug Addiction, Acid Violence, Child labour, Dowry, load shedding, price hike, Gender discrimination, Traffic jam, Deforestation etc.

Calamities: Drought, Erosion, Flood, Cyclone, Earthquakes, Landslide etc.

National days and festivals: International Mother Language day, Independence Day, Victory day, Pahela Baishaikh etc.

Scientific Development: Computer, Mobile, Satellite, E-mail, Internet, Agricultural Development, Electrification, etc.

Environment pollution: Water, Air, Sound, Arsenic, Global warming etc.

Heritage sites Shat Gambuj Mosque, The Sundarbans, Paharpur, National Memorial, Cox's Bazar Sea Beach, Moinamoti, National zoo, Bhashani Novo Theatre etc.

Industries: Garments, Textile, Poultry, Leather, Ceramics, Power loom, Fertilizer etc.

1. Writing a paragraph from a model/answering questions and an information table 10
2. Completing a story/an imaginary situation. 10
3. Writing a report on a situation/event/incident. 10

Before final Examination 2 Weeks should be allocated for revision classes.

Students' Assessment and Marks Distribution

Total Marks: 200

Continuous Assessment: 100

Final Assessment: 100

Subject	Total marks	Continuous	Final
Comprehension	60	30	30
Grammar	80	40	40
Compositions	60	30	30
Total	200	100	100

Marks distribution of questions in final evaluation

Subject	Questions	To answer	Marks
Seen comprehension a) multiple Choice question 1×10 b) open question 1×10 c) Fill in the gaps with clues 1×10	3	3	10×3=30
Grammar			
(a) Find out the determiners in the following sentences 1x8 Find out the Adjectives /Adverbs in the following sentences (c) Arranging jumbling words into meaningful sentences 1x8 (d) Re-write the right form of verbs of a sentences 1x8 (e) Filling the blanks with Articles 1x8	5	5	8×5=40
Composition (paragraph)	5	1	10×1=10
Composition Completing story/report	2	2	10×2=20

Reference Books

English for today (For class 11 & 12) \_\_NCTB Dhaka  
English Grammar and composition (for 11 & 12) – NCTB Dhaka  
High school English Grammar and composition –Wren and Martin  
Intermediate English Grammar –R Marphy  
A learner’s course in English – MD. Farquzzaman akhan  
Applied English Grammar and composition – Dr.P.C Das.

পদার্থ বিজ্ঞান-১

বিষয় কোড: ১৪১২

প্রথম অধ্যায় : ভৌতজগত ও পরিমাপ

(পিরিয়ড ৬)

ভৌতজগতের প্রকৃতি; পদার্থবিজ্ঞানের পরিসর ও বিস্ময়কর অবদান; পদার্থবিজ্ঞানে: (ধারণা, সূত্র, নীতি, স্বীকার্য, অনুকল্প, তত্ত্ব) এর অর্থ; পদার্থবিজ্ঞান ও অন্যান্য জ্ঞানের জগত: রসায়ন, গণিত ও জীববিজ্ঞান, জ্যোতির্বিজ্ঞান, প্রযুক্তির বিভিন্ন শাখা, চিকিৎসাবিজ্ঞান, কৃষিবিজ্ঞান, সাহিত্য ও সংস্কৃতি, সমাজবিজ্ঞান, দর্শন, খেলাধুলা; স্থান, সময় ও ভর: সনাতনী ধারণা, আধুনিক ধারণা; মৌলিক ও লব্ধ একক; পরিমাপের মূলনীতি; পর্যবেক্ষণ ও পরীক্ষণের ক্রম বিকাশ এবং গুরুত্ব: আর্কিমিডিস, গ্যালিলিও, নিউটন, ইয়াং, ফ্যারাডে, রাদারফোর্ড, আইনস্টাইন, ম্যাক্স প্লাঙ্ক; পরিমাপে ত্রুটি: যান্ত্রিক, পর্যবেক্ষণমূলক, এলোমেলো, পুনরাবৃত্তিক।

দ্বিতীয় অধ্যায় : ভেক্টর

(পিরিয়ড ১১)

ভেক্টর: ধর্ম, চিহ্ন; ভেক্টর প্রকাশ: বল, ঘূর্ণন বল, কৌণিক ভরবেগ, তল; বিশেষ ভেক্টর: একক ভেক্টর, নাল ভেক্টর, অবস্থান ভেক্টর, সরণ ভেক্টর; ভেক্টর রাশির জ্যামিতিক যোজন নিয়ম; লম্বাংশের সাহায্যে ভেক্টর রাশির যোজন ও বিয়োজন; ত্রিমাত্রিক আয়তাকার বিস্তারের ভেক্টরের বিভাজন; স্কেলার গুণন ও ভেক্টর গুণন; পদার্থবিজ্ঞানে ক্যালকুলাস: ব্যবহার, গুরুত্ব; ভেক্টর ক্যালকুলাস: অন্তরীকরণ, যোগজীকরণ; ভেক্টর অপারেটরের ব্যবহার: গ্র্যাডিয়েন্ট, ডাইভারজেন্স, কার্ল।

তৃতীয় অধ্যায় : গতিবিদ্যা

(পিরিয়ড ৮)

জড় কাঠামো: পরম গতি, আপেক্ষিক গতি; গতি বর্ণনায় অন্তরীকরণ ও যোগজীকরণের প্রাথমিক ধারণা; অবস্থান-সময় ও বেগ-সময় ও লেখচিত্র; প্রক্ষেপকের গতি; পড়ন্ত বস্তুর সূত্র; সুসম বৃত্তীয়গতি।

চতুর্থ অধ্যায় : নিউটনিয়ান বলবিদ্যা

(পিরিয়ড ১৩)

বলের সজ্জামূলক ধারণা; নিউটনের গতির দ্বিতীয় সূত্র; নিউটনের গতি সূত্রগুলোর মধ্যে সম্পর্ক; নিউটনের গতি সূত্রের ব্যবহার: ঘোড়ার গাড়ি, নৌকার গুন্টানা, বন্দুকের গুলি ছোঁড়া, মহাশূন্যে অভিযান; রৈখিক ভরবেগের নিত্যতা: ধারণা, সংরক্ষণশীলতা যাচাই, নিউটনের গতির তৃতীয় সূত্র ও ভরবেগের নিত্যতা; জড়তার ভ্রামক ও কৌণিক ভরবেগ; কৌণিক

ভরবেগ সংক্রান্ত রাশিমালা: কৌণিক সরণ, কৌণিক বেগ, কৌণিক ত্বরণ, টর্ক, জড়তার ভ্রামক ও কৌণিক ত্বরণ; কৌণিক ভরবেগের নিত্যতা; কেন্দ্রমুখী এবং কেন্দ্রবিমুখী বল: ধারণা, ব্যবহার; সংঘর্ষ: ধারণা, স্থিতিস্থাপক ও অস্থিতিস্থাপক সংঘর্ষ, একমাত্রিক স্থিতিস্থাপক সংঘর্ষ ও সমস্যা।

**পঞ্চম অধ্যায়: কাজ, শক্তি ও ক্ষমতা**

(পিরিয়ড ১০)

কাজ ও শক্তির সর্বজনীন ধারণা; বল, সরণ এবং কাজ; স্থির বল এবং পরিবর্তনশীল বল; স্থিতিস্থাপক বল ও অভিকর্ষ বল এবং সম্পাদিত কাজ; গতিশক্তি: গাণিতিক রাশিমালা প্রতিপাদন, সমস্যা সমাধান; স্থিতিশক্তি: গাণিতিক রাশিমালা প্রতিপাদন, সমস্যা সমাধান; শক্তির নিত্যতার নীতির ব্যবহার: উৎক্ষিপ্ত বস্তুর সর্বোচ্চ উচ্চতা; ক্ষমতা, বল ও বেগ; সংরক্ষণশীল ও অসংরক্ষণশীল বল; কর্মদক্ষতা।

**ষষ্ঠ অধ্যায়: মহাকর্ষ ও অভিকর্ষ**

(পিরিয়ড ১৩)

পড়ন্ত বস্তুর গ্যালিলিওর সূত্র; গ্রহের গতি সম্পর্কিত কেপলারের সূত্র; নিউটনের সূত্র হতে কেপলারের সূত্র; মহাকর্ষীয় ধ্রুবক ও অভিকর্ষ ত্বরণের সম্পর্ক; মহাকর্ষ: বল, ক্ষেত্র প্রাবল্য, বিভব; অভিকর্ষীয় ত্বরণের পরিবর্তন: উচ্চতা, আকার, আর্হিক গতি; অভিকর্ষ কেন্দ্র; মুক্তিবর্গ; মহাকর্ষ সূত্রের ব্যবহার: প্রাকৃতিক সম্পদের অনুসন্ধান, কৃত্রিম উপগ্রহের মাধ্যমে যোগাযোগ।

**সপ্তম অধ্যায়: পদার্থের গাঠনিক ধর্ম**

(পিরিয়ড ১৬)

পদার্থের আন্তঃআণবিক আকর্ষণ ও বিকর্ষণ বল: কঠিন, তরল, বায়বীয়; পদার্থের বন্ধন: আয়নিক বন্ধন, সমযোজী বন্ধন, ধাতব বন্ধন, ভ্যান্ডারওয়ালস বন্ধন; আন্তঃআণবিক বল ও পদার্থের স্থিতিস্থাপকতা; স্থিতিস্থাপকতা সম্পর্কিত রাশিমালা: স্থিতিস্থাপকতা, নমনীয় বস্তু, পূর্ণ স্থিতিস্থাপক বস্তু, পূর্ণ দৃঢ় বস্তু, স্থিতিস্থাপক সীমা, অসহ ভার, অসহ পীড়ন, স্থিতিস্থাপক ক্লাস্টিক, বিকৃতি (দৈর্ঘ্য, আকার ও আয়তন), পীড়ন (দৈর্ঘ্য, আকার ও আয়তন); হকের সূত্র; পীড়ন-বিকৃতির সম্পর্ক; স্থিতিস্থাপক গুণাঙ্ক: ইয়ং এর স্থিতিস্থাপক গুণাঙ্ক, দৃঢ়তার স্থিতিস্থাপক গুণাঙ্ক, আয়তনের স্থিতিস্থাপক গুণাঙ্ক; পয়সনের অনুপাত; প্রবাহীর প্রবাহ: ধারণা, শ্রোতরেখা প্রবাহ, বিক্ষিপ্ত প্রবাহ; প্রান্তিক বেগ; সান্দ্রতা ও সান্দ্রতা গুণাঙ্ক; ঘর্ষণ ও সান্দ্রতা; স্টোকস এর সূত্র; পৃষ্ঠ টান ও পৃষ্ঠ শক্তি; স্পর্শ কোণ; পৃষ্ঠটানের ব্যবহার: সাবানের ফেনা।

**অষ্টম অধ্যায়: পর্যাবৃত্তিক গতি**

(পিরিয়ড ৯)

পর্যাবৃত্ত: স্থানিক পর্যাক্রম, কালিক পর্যাক্রম; পর্যাবৃত্তিক গতি; সরল ছন্দিত গতির বলের বৈশিষ্ট্য; সরল ছন্দিত গতি **সংশ্লিষ্ট** রাশি; সরল দোলন গতিসম্পন্ন বস্তুর অন্তরীকরণ সমীকরণ; সরল দোলন গতি: ধারণা, অন্তরীকরণ সমীকরণ, ব্যবহার; সরল দোলকের গতি; সরল দোলন গতি এবং বৃত্তাকার গতির মধ্যে সম্পর্ক।

**নবম অধ্যায়: তরঙ্গ**

(পিরিয়ড ১৩)

তরঙ্গের উৎপত্তি; তরঙ্গ ও শক্তি; তরঙ্গ:আড় তরঙ্গ, লম্বিক তরঙ্গ, অগ্রগামী তরঙ্গ, তরঙ্গ সংক্রান্ত কয়েকটি সত্তা; অগ্রগামী তরঙ্গ: ধারণা, গাণিতিক রাশিমালা; তরঙ্গের তীব্রতা: ধারণা, গাণিতিক রাশিমালা; উপরিপাতন নীতি; স্থির তরঙ্গ: ধারণা, সৃষ্টির শর্ত, গাণিতিক রাশিমালা; অনুনাদ; শব্দের তীব্রতা ও তীব্রতার লেভেল; বীট: ধারণা, গাণিতিক রাশিমালা।

**দশম অধ্যায়: আদর্শ গ্যাস ও গ্যাসের গতি তত্ত্ব**

(পিরিয়ড ৯)

আদর্শ গ্যাস: সূত্র, সমীকরণ; গ্যাসের অণুর মৌলিক স্বীকার্য; গ্যাসের অণুর আণবিক গতি তত্ত্ব; গ্যাসের গতি তত্ত্ব ও আদর্শ গ্যাসের সূত্র; জলীয় বাষ্প ও বায়ুর চাপ: ধারণা, জলীয় বাষ্প ও বায়ুর চাপের সম্পর্ক; শিশিরাক্ষ ও আপেক্ষিক আর্দ্রতা: ধারণা, শিশিরাক্ষ ও আপেক্ষিক আর্দ্রতার সম্পর্ক।

**পদার্থবিজ্ঞান-১ (ব্যবহারিক)**

	Period	Class	Repeat	Total
১	ফেরোমিটার ব্যবহার করে গোলায় তলের বক্রতার ব্যাসার্ধ পরিমাপ করণ।	২	২	৮
২	একটি ফ্লাই হইলের জড়তার ভ্রামক নির্ণয় করণ।	২	২	৮
৩	একটি স্প্রিং এর বিভব শক্তি পরিমাপ করণ।	২	৩	১২
৪	ভার্নিয়ার পদ্ধতি ব্যবহার করে ইয়ং এর স্থিতিস্থাপক গুণাঙ্ক নির্ণয় করণ।	২	৩	১২
৫	একটি স্প্রিংকে দোলক হিসাবে ব্যবহার করে বিভিন্ন বস্তুর ভরের তুলনা করণ।	২	২	৪
৬	মেলডিংর পরীক্ষার সাহায্যে সুরশলাকার কম্পাঙ্ক নির্ণয় করণ।	২	৩	১২
৭	বয়েলের সূত্র যাচাই করণ।	২	২	৪
৮	নিউটনের শীতলীকরণ সূত্রের সাহায্যে তরলের আপেক্ষিক তাপ নির্ণয় করণ।	২	৩	১২
			সর্বমোট	৭২

**রেফারেন্স বইসমূহ :**

- পদার্থবিজ্ঞান প্রথম পত্র  
ড. আমির হোসেন খান  
প্রফেসর মোহাম্মদ ইসহাক  
ড. মো. নজরুল ইসলাম
- পদার্থবিজ্ঞান প্রথম পত্র  
ড. শাহজাহান ও তপন

**নম্বর বন্টন**

অধ্যায়	প্রশ্ন সংখ্যা	নম্বর	মন্তব্য
প্রথম অধ্যায় : ভৌতজগত ও পরিমাপ	০১	১০	আবশিক প্রশ্নসমূহ মোট ০৮টি প্রশ্নের উত্তর দিতে হবে।
দ্বিতীয় অধ্যায় : ভেক্টর	০১	১০	
তৃতীয় অধ্যায় : গতিবিদ্যা	০১	১০	
চতুর্থ অধ্যায় : নিউটনিয়ান বলবিদ্যা	০১	১০	
পঞ্চম অধ্যায়: কাজ, শক্তি ও ক্ষমতা	০১	১০	
ষষ্ঠ অধ্যায়: মহাকর্ষ ও অভিকর্ষ	০১	১০	
সপ্তম অধ্যায়: পদার্থের গাঠনিক ধর্ম	০১	১০	
অষ্টম অধ্যায়: পর্যাবৃত্তিক গতি	০১	১০	
নবম অধ্যায়: তরঙ্গ	০১	১০	
দশম অধ্যায়: আদর্শ গ্যাস ও গ্যাসের গতি তত্ত্ব	০১	১০	
গুরুত্বপূর্ণ অধ্যায় (যে কোন একটি) হতে অতিরিক্ত আবশ্যিক প্রশ্ন হিসেবে ০১টি সৃজনশীল প্রশ্ন (০৫ নম্বর) থাকবে।			

**সৃজনশীল ক্ষেত্রের মান বন্টন :****প্রশ্নের ধারা :****মান :**

ক.	জ্ঞান মূলক	-	১ নম্বর
খ.	অনুধারন মূলক	-	২ নম্বর
গ.	প্রয়োগ মূলক	-	৩ নম্বর
ঘ.	উচ্চতর দক্ষতা	-	৪ নম্বর

**রসায়ন বিজ্ঞান-১**

বিষয় কোড: ১৪১৩

**প্রথম অধ্যায় : ল্যাবরেটরির নিরাপদ ব্যবহার**

১৫ পিরিয়ড

ল্যাবরেটরি ব্যবহার বিধি : পোশাক, নিরাপদ গ্লাস, মাস্ক ও হ্যান্ড গ্লাভস; গ্লাসসামগ্রী ব্যবহারের নিরাপদ কৌশল; ল্যাবরেটরি, যন্ত্রপাতি ও গ্লাসসামগ্রী পরিষ্কার করার কৌশল; পল-বুজি ব্যালেস (২-ডিজিট ও ৪-ডিজিট), মেজারিং সিলিন্ডার, ব্যুরেট, আয়তনমিতিক ফ্লাস্ক ও পিপেট ব্যবহারে ক্ষেত্র এবং ব্যবহার বিধি; কনিক্যাল ফ্লাস্ক ও ওয়াশ বোতল, ব্যুরেট ও পিপেট ব্যবহারে কৌশল; স্পিরিট ল্যাম্প বা বুনসেন বার্নার দ্বারা টেস্টিউব, বিকার, গোলতলি ফ্লাস্ক, কনিক্যাল ফ্লাস্ক, পোস্টেলিন বাটি বা ওয়াটার বাথে তাপ দেওয়ার কৌশল; রিয়াজেন্ট বোতলের ব্যবহার কৌশল; রাসায়নিক দ্রব্য সংরক্ষণ ও ব্যবহারের সতর্কতা; ব্যবহৃত রাসায়নিক দ্রব্যের নিরাপদ সংরক্ষণ ও পরিত্যাগ (Dispose of); পরিবেশের ওপর ল্যাবরেটরিতে ব্যবহৃত রাসায়নিক দ্রব্যের প্রভাব ও পরিমিত ব্যবহারের গুরুত্ব; সেমি মাইক্রো এবং মাইক্রো অ্যানালিটিক্যাল পদ্ধতি; ল্যাবরেটরি নিরাপত্তা সামগ্রী ও ব্যবহার বিধি; প্রাথমিক চিকিৎসা ও ফাস্ট এইড বক্স ব্যবহার বিধি।

**দ্বিতীয় অধ্যায় : গুণগত রসায়ন**

২০ পিরিয়ড

রাদারফোর্ড ও বোর মডেল; কোয়ান্টাম সংখ্যা, বিভিন্ন উপস্তর এবং ইলেকট্রন ধারণ ক্ষমতা; কোয়ান্টাম উপস্তরের শক্তিক্রম এবং আকৃতি; আউফবাউ (Aufbau), হুড (Hund's) পাউলির বর্জন (Pauli Exclusion) নীতি; তড়িৎ চুম্বকীয় বর্ণালি (Electromagnetic spectrum); শিক্ষার্থীর কাজ : রেখা বর্ণালির সাহায্যে মৌল শনাক্তকরণ; বোর পরমাণু মডেল ও হাইড্রোজেন পরমাণু বর্ণালি; জাল পাসপোর্ট/টাকা শনাক্তকরণ UV রশ্মির ব্যবহার; চিকিৎসা ক্ষেত্রে IR রশ্মির ব্যবহার; রোগ নির্ণয়ে MRI পরিষ্কার মূলনীতি। দ্রাব্যতা, দ্রাব্যতা নীতি ও দ্রাব্যতা গুণফল; কেলাসন; পাতন; আংশিক পাতন; বাষ্প পাতন ও উর্ধ্বপাতন; গুণগত বিশ্লেষণের গুরুত্ব।

**তৃতীয় অধ্যায় : মৌলের পর্যায়বৃত্ত ধর্ম ও রাসায়নিক বন্ধন**

২০ পিরিয়ড

ইলেকট্রন বিন্যাসের ভিত্তিতে মৌলের শ্রেণীবিভাগ; মৌলের বিভিন্ন শ্রেণির সাধারণ ধর্মাবলি; পর্যায়বৃত্ত ধর্ম : গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক, পরমাণুর আকার, যোজ্যতা, আয়নিকরণ শক্তি, ইলেকট্রন আসক্তি, তড়িৎ ঋণাত্মকতা, ধাতব ধর্ম; আয়নিকরণ শক্তি, ইলেকট্রন আসক্তি, তড়িৎ ঋণাত্মকতার ওপর বিভিন্ন নিয়ামকের (পরমাণুর আকার, উপস্তর, ইলেকট্রন বিন্যাস)

প্রভাব; মৌলের অক্সাইডের ধর্ম (অম্ল-ক্ষার ধর্ম)। শিক্ষার্থীর কাজ : মৌলের পর্যায়বৃত্ত ধর্ম ও রাসায়নিক বন্ধনের সম্পর্ক; অরবিটালের অধিক্রমণ; সমযোজী বন্ধনের শ্রেণিবিভাগ; অরবিটালের সংকরণ; সংকর অরবিটালের প্রকারভেদ; সংকর অরবিটালের সাথে সমযোজী যৌগের আকৃতির সম্পর্ক; অণুর আকৃতি ও বন্ধন কোণের ওপর মুক্তজোড় ইলেকট্রনের প্রভাব; শিক্ষার্থীর কাজ : সহজ উপকরণ ব্যবহার করে যৌগের মডেল তৈরি; সন্নিবেশ সমযোজী বন্ধন; পোলারিটি ও পোলারয়ন। ভ্যানডার ওয়ালস বল; হাইড্রোজেন বন্ধন; শিক্ষার্থীর কাজ : H<sub>2</sub>O এবং H<sub>2</sub>S এর বন্ধন, হাইড্রোজেন বন্ধন এবং ভ্যানডার ওয়ালস বলের তুলনা; শিক্ষার্থীর কাজ : হাইড্রোজেন বন্ধনের গুরুত্ব; অজৈব যৌগের নামকরণ।

#### চতুর্থ অধ্যায় : রাসায়নিক পরিবর্তন

২০ পিরিয়ড

রাসায়নিক বিক্রিয়া ও গ্রিন কেমিস্ট্রি; বিক্রিয়ার দিক- একমুখী ও উভমুখী বিক্রিয়া গতি; বিক্রিয়ার গতির ওপর তাপ; চাপ ও ঘনত্বের প্রভাব; প্রভাবক ও এর প্রকারভেদ; বিক্রিয়ার গতির ওপর প্রভাবকের প্রভাব; রাসায়নিক বিক্রিয়ার সাম্যাবস্থা; সাম্যাবস্থার গতিশীলতা; লা- শাতেলিয়ানের নীতি; বিক্রিয়ার সাম্যাবস্থার ওপর তাপ, চাপ ও ঘনত্বের প্রভাব; শিল্প উৎপাদনে লা-শাতেলিয়ানের নীতির প্রয়োগ; ভর-ক্রিয়া সূত্র; বিক্রিয়ার সাম্য-ধ্রুবক K<sub>c</sub> ও K<sub>p</sub>; K<sub>c</sub> ও K<sub>p</sub> এর গাণিতিক রাশিমালা প্রতিপাদন; K<sub>c</sub> ও K<sub>p</sub> এর মধ্যে সম্পর্ক ও তাৎপর্য; পানির আয়নিক গুণফল (k<sub>w</sub>), এসিডের বিয়োজন ধ্রুবক (k<sub>a</sub>) এবং ক্ষারের বিয়োজন ধ্রুবক (k<sub>b</sub>); বিয়োজন ধ্রুবক ও এসিড ও ক্ষারের তীব্রতা; pH ও pOH স্কেল; বাফার দ্রবণ ও বাফার লবণ প্রস্তুতি; বাফার দ্রবণের ক্রিয়া কৌশল। মানুষের রক্তে pH; কৃষি, রসায়ন শিল্প, টয়লেট্রিজ, ঔষধ সেবনে pH এর গুরুত্ব; শিক্ষার্থীর কাজ : pH পরিমাপ করে উপযুক্ত প্রসাধন সামগ্রী নির্বাচন; ভর ও শক্তির নিত্যতা সূত্র; তাপীয় পরিবর্তন (বিক্রিয়া তাপ, অবস্থা পরিবর্তন তাপ, পরমাণুকরণ তাপ, দ্রবণ তাপ, প্রশমন তাপ); তীব্র এসিড ও ক্ষারের প্রশমন তাপ; বন্ধন শক্তি ও বিক্রিয়া তাপ; ল্যাভয়সিয়ে ও হেসের সূত্র; ল্যাভয়সিয়ে ও হেসের সূত্র প্রয়োগ করে বিক্রিয়া তাপ নির্ণয়।

#### পঞ্চম অধ্যায় : কর্মমুখী রসায়ন

২৫ পিরিয়ড

খাদ্য নিরাপত্তা ও রসায়ন; অনুমোদিত প্রিজার্ভেটিভস এর খাদ্য সংরক্ষণ কৌশল; কোঁটাজাতকরন মূলনীতি [দেশি ফল, সবজি (বাঁশ কোবল, কাঁচি ভুট্টা, সবুজ মটর শুটি), মাছ, মাংস(কাঁচা রান্নাকরা), সাসপেনশন ও কোয়াগুলেশন; দুধের শতকরা সংযুক্তি; দুধ থেকে মাখন পৃথকীকরণ; মাখন পানিমুক্তকরণ; মাখন থেকে ঘি এর উৎপাদন; শিক্ষার্থীর কাজ : মাখন থেকে ঘি এর উৎপাদন।

শিক্ষার্থীর কাজ : যে কোনো দুইটি টয়লেট্রিজ উৎপাদন; গ্লাস ক্লিনার প্রস্তুতি; টয়লেট ক্লিনার প্রস্তুতি; গ্লাস ক্লিনার ও টয়লেট ক্লিনারের পরিষ্কারকরণ কৌশল। ভিনেগারের খাদ্যদ্রব্য সংরক্ষণ কৌশল; খাদ্যদ্রব্য সংরক্ষণে ভিনেগারের গুরুত্ব।

#### রসায়ন ব্যবহারিক-১

অধ্যায়	পরীক্ষা নং	পরীক্ষার নাম	পিরিয়ড সংখ্যা
২য় অধ্যায়	১	শিখা পরীক্ষা : Na <sup>+</sup> , K <sup>+</sup> , Ca <sup>2+</sup> , Cu <sup>2+</sup> আয়ন শনাক্তকরণ	৬ পিরিয়ড
	২	দ্রবণে ক্যাটায়নের সিক্ত পরীক্ষা [Cu <sup>2+</sup> , Al <sup>3+</sup> , Fe <sup>2+</sup> , Fe <sup>3+</sup> , Zn <sup>2+</sup> , Ca <sup>2+</sup> , Na <sup>+</sup> , NH <sub>4</sub> <sup>+</sup> আয়ন],	৮ পিরিয়ড
	৩	দ্রবণে অ্যানায়নের সিক্ত পরীক্ষা [Cl <sup>-</sup> , SO <sub>4</sub> <sup>2-</sup> , CO <sub>3</sub> <sup>2-</sup> আয়ন]	৪ পিরিয়ড
	৪	অবিশুদ্ধ খাদ্য লবণ থেকে বিশুদ্ধ লবণের কেলাস তৈরি	৬ পিরিয়ড
৩য় অধ্যায়	৫	মৌলের দ্রবণীয় অক্সাইডের অম্লক্ষার প্রকৃতি নির্ণয়	৬ পিরিয়ড
	৬	পানির ডাইপোলের উপস্থিতি প্রমাণ	৬ পিরিয়ড
৪র্থ অধ্যায়	৭	কার্বনেট বাফার দ্রবণ তৈরি ও এর কার্যকারিতা প্রমাণ	৬ পিরিয়ড
	৮	অক্সালিক এসিডের দ্রবণ তাপ নির্ণয় [ক্যালরিমিতি পদ্ধতিতে]	৬ পিরিয়ড
৫ম অধ্যায়	৯	কোল্ড ক্রিম/স্নো প্রস্তুতি	৬ পিরিয়ড
	১০	আফটার সেড প্রস্তুতি	৬ পিরিয়ড
	১১	গোলাপজল প্রস্তুতি	৬ পিরিয়ড
	১২	ভিনেগার প্রস্তুতি	৬ পিরিয়ড
	প্রজেক্ট ৪	মল্ট ভিনেগার প্রস্তুতি	২-৩ মাস

#### রেফারেন্স বইসমূহ :

* রসায়ন প্রথম পত্র একাদশ ও দ্বাদশ শ্রেণি ড. মো. মনিমুল হক ড. মো. আবু ইউসুফ আনিকা অনি	* রসায়ন প্রথম পত্র একাদশ ও দ্বাদশ শ্রেণি গাজী মো. আহসানুল কবীর ও অন্যান্য
* রসায়ন প্রথম পত্র একাদশ ও দ্বাদশ শ্রেণি সরোজ কান্তি সিংহ হাজারী হারাধন নাগ	* রসায়ন প্রথম পত্র একাদশ ও দ্বাদশ শ্রেণি মহির উদ্দিন ও অন্যান্য

## নম্বর বন্টন

অধ্যায়	প্রশ্ন সংখ্যা	নম্বর	মন্তব্য
প্রথম অধ্যায় : ল্যাবরেটরির নিরাপদ ব্যবহার	০২	২০	আবশ্যিক প্রশ্নসহ সমস্ত ০৮ টি প্রশ্নের মোট ০১ টি সৃজনশীল প্রশ্ন (০৫ নম্বর) থাকবে। উত্তর দিতে হবে।
দ্বিতীয় অধ্যায় : গুণগত রসায়ন	০২	২০	
তৃতীয় অধ্যায় : মৌলের পর্যায়বৃত্ত ধর্ম ও রাসায়নিক বন্ধন	০২	২০	
চতুর্থ অধ্যায় : রাসায়নিক পরিবর্তন	০২	২০	
পঞ্চম অধ্যায় : কর্মমুখী রসায়ন	০২	২০	
গুরুত্বপূর্ণ অধ্যায় (যে কোন একটি) হতে অতিরিক্ত আবশ্যিক প্রশ্ন হিসেবে ০১টি সৃজনশীল প্রশ্ন (০৫ নম্বর) থাকবে।			

সৃজনশীল ক্ষেত্রের মান বন্টন :

প্রশ্নের ধারা :		মান :
ক. জ্ঞান মূলক	-	১ নম্বর
খ. অনুধারন মূলক	-	২ নম্বর
গ. প্রয়োগ মূলক	-	৩ নম্বর
